৩৭১-১.৬ (৪র্থ কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা
www.bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১১১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **ফিডব্যাক সভার নোটিশ**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার (এপ্রিল-জুন/২৩) আলোচ্য বিষয় ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা আগামী ১৩-০৪-২০২৩ তারিখ দুপুর ০১.৩০ ঘটিকায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে ভিডিও কনফারেন্স Zoom Platform এর মাধ্যমে অনলাইনে নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল উপপরিচালকগণকে যথাসময় অনলাইনে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাজশাহী হতে বিগত কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক পাওয়া যায়নি। বর্ণিত কার্যালয় হতে জরুরী ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রমানক প্রেরণ করার জন্য বলা হলো।

ID-7501270131.
Password-bsdb123

১২-৪-২০২৩
মোঃ মামুনুর রশিদ
পরিচালক
ফোন: ০২৫৮৮৮৫১২১৭
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২
ইমেইল:
mamun659@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড। সদয় অবগতির জন্য।

২) পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট।বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রয়োজনীয় তথ্যসহ স্বশরীরে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

"জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মামুনুর রশিদ<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ১৩-০৪-২০২৩ |
| সভার সময় | ১:৩০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে পরিচালক (প্রশাসন) ও সভাপতি উপস্থিত/সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সকলকে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য বলেন।

২০২২-২৩ অর্থ বছরে মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।তিনি বলেন, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করে প্রমানক যথা সময় প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

কর্মপরিকল্পনা ১.১ এর প্রেক্ষিতে নৈতিকতা কমিটির সভাগুলো প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসে আয়োজন করার নির্দেশনা রয়েছে। তবে প্রথম মাসের ১ম সপ্তাহে সভার আয়োজন করার নির্দেশনা দেন। যাতে সিদ্ধান্ত বাস্তবায়ন করতে সুবিধা হয়।

১.২ এর নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।

১.৩ এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪(চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। সভাগুলিতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। প্রকৃত স্টেকহোল্ডাদের সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন লক্ষ্যমাত্রা অনুযায়ী করতে হবে।

১.৫ এর ২য় কোয়ার্টারের যার যে লক্ষ্যমাত্রা আছে তা বাস্তবায়ন করতে হবে।

৩.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। প্রমাণক হিসেবে রেজিষ্টারের ফটোকপি প্রেরণ করতে হবে।

৩.২ এ যার যে, লক্ষ্যমাত্রা আছে সে অনুযায়ী বাস্তবায়ন করে প্রমাণক প্রেরণ করতে হবে।

৩.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।

৩.৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।

সভায় মাঠ পর্যায়ের ৬টি অফিস এর বিগত ৯ মাসের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

| ক্র: নং | কার্যালয়ের নাম | "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ |
|---|---|---|
| ১ | রেশম গবেষনা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ২ | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময় প্রেরণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। |

| | | |
|---|---|---|
| ৩ | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রাজশাহী | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৪ | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রংপুর | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময় প্রেরণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। |
| ৫ | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,ঝিনাইদহ | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময় প্রেরণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। |
| ৬ | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রাংগামাটি | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময় প্রেরণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। |

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

(১) ১.৩ এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভা করতে হবে। সভাগুলিতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। প্রকৃত স্টেকহোল্ডাদের সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: পরিচালক(গবেষণা ও প্রশিক্ষণ)/ উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা/রাজশাহী/রংপুর/ঝিনাইদহ/রাংগামাটি।

(২) ৩.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। প্রমাণক হিসেবে রেজিষ্টারের ফটোকপি প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: পরিচালক(গবেষণা ও প্রশিক্ষণ)/ উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়.ঢাকা/রাজশাহী/রংপুর/ঝিনাইদহ/রাংগামাটি।

কর্মপরিকল্পনায় উল্লিখিত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী স্ব স্ব বাস্তবায়নকারী বাস্তবায়ন করে প্রতিবেদনসহ প্রমাণক কার্যক্রমের নং উল্লেখ্য পূর্বক যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ মামুনুর রশিদ
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১২১

তারিখ: ৬ বৈশাখ ১৪৩০
১৯ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি।

৩) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

মোঃ মামুনুর রশিদ
পরিচালক

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী।

**১৩-০৪-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১:৩০ ঘটিকায় পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে zoom Platform এর মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভায় উপস্থিত/সংযুক্ত কর্মকর্তাদের হাজিরা।**

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | জনাব মোহাম্মদ এমদাদুল বারী<br>পরিচালক(গবেষণা ও প্রশিক্ষণ)(অ:দা:)<br>রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী। | ১৩/০৪/২৩ |
| ২. | জনাব মোঃ আরিফ হোসেন<br>উপপরিচালক (অ:দা:)<br>আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,ঝিনাইদহ। | ১৩/০৪/২৩ |
| ৩. | জনাব মোঃ মাহবুব উল হক<br>উপপরিচালক (অ:দা:)<br>আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রংপুর। | ১৩/৪/২০২৩ |
| ৪. | জনাব কাজী মাসুদ রেজা<br>উপপরিচালক (অ:দা:)<br>আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রাজশাহী। | ১৩/০৪/২৩ |
| ৫. | জনাব কাঞ্চন বরণ দাস<br>উপপরিচালক (অ:দা:)<br>আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,রাংগামাটি। | ১৩/০৪/২৩ |
| ৬. | জনাব মোহাঃ আব্দুল মালেক<br>উপপরিচালক (অ:দা:)<br>আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,ঢাকা। | ১৩/০৪/২০২৩ |
| ৭. | | |
| ৮. | | |